



বাংলাদেশ কৃষি ব্যাংক

এবং

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ- এর মধ্যে স্বাক্ষরিত

**বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত
সম্মোতা স্মারক**

সূচিপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা নম্বর
০১.	প্রতিষ্ঠানের কর্মসম্পাদনের সংক্ষিপ্ত চিত্র	০৩
০২.	প্রস্তাবনা	০৮
০৩.	উদ্দেশ্যসমূহ	০৮
০৪.	<u>সেকশন ১:</u> রূপকল্প (Vision).	০৫
	অভিলক্ষ্য (Mission)	০৫
	কার্যাবলী	০৫
০৫.	<u>সেকশন ২:</u> কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ:	
	ক) কৌশলগত উদ্দেশ্যসমূহ	০৬
	খ) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ	০৭

বাংলাদেশ কৃষি ব্যাংকের কর্মসম্পাদনের সংক্ষিপ্ত চিত্র (Overview of the Performance of Bangladesh Krishi Bank)

➤ সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

রাষ্ট্রপতির ১৯৭৩ সালের ২৭ নং অধ্যাদেশ বলে বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি) প্রতিষ্ঠিত হয়। বাংলাদেশ কৃষি ব্যাংক একটি সরকারি বিশেষায়িত ব্যাংক, যা কৃষির বিভিন্ন খাত যথাঃ শস্য উৎপাদন, মৎস্যচাষ, প্রাণী সম্পদ উন্নয়ন, গাড়ী পালন, সেচ ও খামার বন্ধনাভিত্তি ক্রয়, কৃষিভিত্তিক শিল্প স্থাপন ইত্যাদি খাতে খণ্ড প্রদান করে থাকে। এছাড়াও কৃষি পণ্য প্রক্রিয়াকরণ কারখানায় চলতি মূলধন খণ্ড প্রদানসহ কৃষিপণ্যের বাণিজ্যখাতে নগদ খণ্ডও সরবরাহ করে থাকে। বাংলাদেশ কৃষি ব্যাংক আর্থ-সামাজিক উন্নয়নে এবং দারিদ্র্য বিমোচনে মাইক্রো ক্রেডিট প্রদানসহ সকল ধরণের সামাজিক উন্নয়ন কর্মকাণ্ডে সম্পৃক্ত। ক্ষুদ্র ও প্রাপ্তিক এবং বর্গা চাষিদের খণ্ড প্রদানের ক্ষেত্রে ব্যাংক বিশেষ অগ্রাধিকার প্রদান করে থাকে। বিকেবি খণ্ড প্রদানের ক্ষেত্রে ক্ষুদ্র ও মাঝারি শিল্প (SME) উদ্যোজ্ঞদেরকে অত্যধিক গুরুত্ব আরোপ করে থাকে।

➤ সাম্প্রতিক বছর সমূহের (৩বছর) প্রধান অর্জন সমূহ

বাংলাদেশ কৃষি ব্যাংক কৃষি ব্যাংক কর্তৃক বিতরনকৃত কৃষি খণ্ডের পরিমাণ যথাক্রমে ৩৯৫৮.১৪ কোটি, ৪৭৩৮.৮৪ কোটি ও ৪৮০২.৮৩ কোটি টাকা। আধুনিক ও যুগপোয়োগী ব্যাংকিং সুবিধা প্রদানের লক্ষ্যে ব্যাংক ডিজিটাইজেশনের উদ্যোগ গ্রহন করেছে। ইতোমধ্যেই ব্যাংকের ১০২৯ টি শাখার মধ্যে ২১৫ টি শাখা অটোমেশনের আওতায় আনা হয়েছে যার মধ্যে ৮৮ টি শাখা অনলাইন ব্যাংকিং সেবা প্রদান করছে। আর্থিক সেবাভুক্তির আওতায় ব্যাংক ৩৭,০২,১৩৪ জন কৃষকের ১০/- টাকার ব্যাংক হিসাব খুলে তাদের ব্যাংকিং সুবিধার আওতায় আনা হয়েছে। কৃষি খণ্ড প্রাপ্তি সহজতর করার লক্ষ্যে সাম্প্রতিক সময়ে ব্যাংক ঘুর্নায়মান (Revolving) খণ্ড প্রদান পদ্ধতির প্রবর্তন করেছে।

➤ সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

বাংলাদেশ কৃষি ব্যাংক কৃষির ন্যায় একটি প্রকৃতি নির্ভর অনিশ্চিত এবং বুঁকিপূর্ণ খাতে অর্থায়নের জন্য দেশের বৃহত্তম বিশেষায়িত ব্যাংক। বিশেষ করে খরা, বন্যা, ঘূর্ণিঝড়ের মত প্রাকৃতিক দুর্যোগ পরিবর্তী কৃষি ও গ্রামীণ অর্থনৈতিক পুনর্বাসনের সর্বাধিক গুরুত্বপূর্ণ দায়িত্ব বর্তায় বিকেবির উপর। বাংলাদেশ কৃষি ব্যাংক কৃষকদের খণ্ডের অর্থ ফেরত দানের সক্ষমতা বিশেষভাবে বিবেচনা করে খণ্ডের সুদের হার নির্ধারণ করে থাকে। ফলে কৃষি খণ্ডের সুদের হার বাজার ভিত্তিক করা সম্ভব নয়। যা ব্যাংকটির আয়ের উপর নেতৃত্বাচক প্রভাব ফেলে। তদুপরি, এ ব্যাংককে অনেক সময়েই খণ্ড আদায় স্থগিত রাখতে হয় এবং খণ্ডের সুদ কখনো আংশিক, কখনো সম্পূর্ণ মণ্ডুকুফ করতে হয়, বিশেষ করে দেশ যখন বন্যা বা অন্য কোন প্রাকৃতিক দুর্যোগে বিপর্যস্ত হয়। কৃষি খণ্ডের ক্ষেত্রে অধিকতর বুকি এবং আদায়ের অনিশ্চয়তা সঙ্গেও প্রতিবছর বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত কৃষি খণ্ড বিতরণের মোট লক্ষ্যমাত্রার সিংহ ভাগই এই ব্যাংক এককভাবে বিতরণ করে থাকে।

➤ ভবিষ্যৎ পরিকল্পনা

কৃষি ও এসএমই খাতে অধিকতর খণ্ড বিতরণের মাধ্যমে গ্রামীণ তথা দেশের অর্থনৈতিকে শক্তিশালীকরণে এবং নতুন কর্মসংহানে কৃষি ব্যাংক অধিকতর ডুমিকা পালন করবে। এ ছাড়াও কৃষির বহুমুহীকরণ, বানিজ্যিকীকরণ ও বাজারজাতকরণের লক্ষ্যে উল্লিখিত নতুন নতুন খাতসমূহ অর্থায়নে ব্যাংক অগ্রাধিকার প্রদান করবে।

➤ ২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

২০১৫-১৬ অর্থ বছরে ব্যাংক কৃষি (শস্য, মৎস্য, গবাদি পশু ও গাড়ী পালন), এসএমই ও মাইক্রো ক্রেডিট ও আন্যান্য খাতে ৬৭০০.০০ কোটি টাকা খণ্ড বিতরণের ব্যাপক কর্মসূচী নির্ধারণ করেছে। গ্রাম বাংলার সাধারণ মানুষের কাছে আধুনিক ও যুগেপযোগী ব্যাংকিং সুবিধা পৌছে দেওয়ার লক্ষ্যে ব্যাংক ২০১৫-১৬ অর্থ বছরে প্রায় ৪৬১ টি শাখা অটোমেশনের আওতায় আনয়ন করবে। এছাড়াও বঙ্গবাসী ছিলমুল মানুষদের নিজ ঠিকানায় প্রত্যাবর্তনের লক্ষ্যে ঘরে ফেরা কর্মসূচীর আওতায় ১০.০০ কোটি টাকা বিতরনের পরিকল্পনা গ্রহণ করেছে।

প্রস্তাবনা (Preamble)

বাংলাদেশ কৃষি ব্যাংক এর প্রতিনিধি হিসাবে চেয়ারম্যান, বোর্ড অব ডিরেক্টরস ও
ব্যবস্থাপনা পরিচালক

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থ মন্ত্রীর প্রতিনিধি হিসাবে
সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর মধ্যে ২০১৫ সালের অক্টোবর মাসের ১২
তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সময়োত্তা স্মারক স্বাক্ষরিত হল।

এই সময়োত্তা স্মারকে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

- ব্যাংক প্রতিষ্ঠার রূপকল্প ও অভিলক্ষ্য অনুযায়ী ব্যাংকের সকল কার্যক্রম
পরিচালনা করা।
- আর্থিক সেবাভুক্তির আওতায় ব্যাংক ব্যাংকিং সুবিধা বঞ্চিত জনগনের নিকট
ব্যাংকিং সুবিধা পৌছে দেয়া।
- আধুনিক ব্যাংকিং সুবিধা প্রদানের লক্ষ্যে ব্যাংক-কে ডিজিটাইজড করা।
- গ্রাহকদের অভিযোগের প্রতিকার ও ব্যাংকিং সেবার মানোন্নয়ন করা।
- দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন করা।
- প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন করা।
- আর্থিক ব্যবস্থাপনায় শৃংখলা ও মানের উন্নয়ন করা।
- ব্যাংকের মানব সম্পদ উন্নয়ন করা।
- ব্যাংকের আর্থিক ভিত্তি মজবুত করা।

১.১ বৃপক্ষ (Vision):

বাংলাদেশ কৃষি ব্যাংক ১৯৭৩ সনে রাষ্ট্রপতির ২৭ নম্বর আদেশ বলে প্রতিষ্ঠিত একটি বিশেষায়িত সরকারী ব্যাংক। এ ব্যাংক দারিদ্র বিমোচনে অর্থায়নের জন্য দেশের সর্ববৃহৎ রাষ্ট্রীয় আর্থিক প্রতিষ্ঠান। বাংলাদেশ কৃষি ব্যাংকের লক্ষ্য হচ্ছে দেশের জনসাধারনের দোরগোড়ায় সব ধরনের ব্যাংকিং সেবা পৌছে দেয়ার পাশাপাশি দারিদ্র বিমোচনে অর্থায়ণসহ কৃষি, এসএমই ও কৃষিভিত্তিক যাবতীয় কর্মকাণ্ডের উন্নয়ন ও সম্প্রসারণ করা। কৃষিজ পণ্যের উৎপাদন বৃদ্ধি, খাদ্য স্বয়ংসম্পূর্ণতা অর্জন এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্য কৃষকদের মধ্যে কৃষি খণ্ড বিতরণ এবং কৃষি পণ্যের বহুমুখীকরণ, বাণিজ্যিকীকরণ ও গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করার জন্য কৃষিভিত্তিক শিল্প, ক্ষুদ্র ও মাঝারী শিল্প (SME) উদ্যোগসমূহকে প্রয়োজনীয় খণ্ড সুবিধা প্রদানের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন নিশ্চিত করা।

১.২ অভিলক্ষ্য (Mission):

দেশের বিভিন্ন শহরে ও গ্রামাঞ্চলে ছড়িয়ে থাকা (রাজশাহী বিভাগ ব্যতীত) ১০২৯ টি শাখা এবং মাঠ পর্যায়ের নিয়ন্ত্রণকারী কার্যালয় সমূহের মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংক সকল প্রকার বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা, কৃষি, এসএমই ও কৃষিভিত্তিক কর্মকাণ্ডে অর্থায়ন ও সরকারী আর্থিক সেবাসমূহ দেশের সাধারণ জনগনের নিকট পৌছে দেয়।

১.৩ কার্যাবলি (Functions):

- **আঘানত সংগ্রহঃ** চলতি, সঞ্চয়ী, এসএনডি ও মেয়াদীসহ বিভিন্ন ধরণের সঞ্চয় প্রকল্প চালু রয়েছে।
- **খণ্ড বিতরণ কার্যক্রমঃ** বাংলাদেশ কৃষি ব্যাংক শস্য, মৎস্য, প্রাণীসম্পদ, গাভীপালন, কৃষি যন্ত্রপাতি, শস্য গুদামজাত ও বাজারজাতকরন, দারিদ্র বিমোচন, কৃষি ভিত্তিক শিল্পে প্রকল্প ও চলমান খণ্ড এবং এসএমই খাতে খণ্ড বিতরণ করে থাকে।
- **বিনিয়োগ সুবিধাসমূহঃ** ব্যাংক সরকার প্রবর্তিত বিভিন্ন প্রকার সঞ্চয়পত্র বিক্রয় করার পাশাপাশি গ্রাহকের চাহিদা মোতাবেক প্রাইজ বন্ড ক্রয় বিক্রয় করে থাকে।
- **অর্থ স্থানান্তর সুবিধাঃ** ব্যাংক ডিমান্ড ড্রাফট, পেমেন্ট অর্ডার, টেলিগ্রাফিক ট্রান্সফার ও মেইল ট্রান্সফারের মাধ্যমে দেশের অভ্যন্তরে অর্থ স্থানান্তরের সুবিধা প্রদানের পাশাপাশি দেশের বাহিরে কর্মরত প্রবাসীদের প্রেরিত অর্থ তাঁদের স্বজনদের নিকট দুটো সময়ে পৌছে দেয়।
- **পেনশন ও ভাতা পরিশোধঃ** সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় মুক্তিযোদ্ধা ভাতা, বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্ত দুষ্ট মহিলা ভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা, উপবৃত্তির অর্থ বিতরণ এবং অবসর প্রাপ্ত সামরিক বাহিনীর সদস্যদের পেনশন সুবিধা প্রদান করে থাকে।
- **ইউটিলিটি বিল জমাঃ** বিদ্যুৎ বিল, গ্যাস বিল ও টেলিফোন বিলের টাকা জমা গ্রহণ করা হয়। এ ছাড়াও সরকারি ধান/চাউল/খাদ্য সংগ্রহের বিল পরিশোধ, ভূমি উন্নয়ন কর আদায় ও অন্যান্য ব্যাংকিং সেবা প্রদান করে থাকে।

সেকশন -২ (ক): কৌশলগত উদ্দেশ্য, অগ্রিধিকার কর্মসম্পাদন সূচক, কার্যক্রম এবং লক্ষ্যমাত্রাসমূহ।
বাংলাদেশ কৃষি ব্যাংক এর কৌশলগত উদ্দেশ্য সমূহ।

ক্রঃ নং	ইন্ডিকেটর	একক	২০১৩-১৪ এর অর্জন	২০১৪-১৫ এর অর্জন	২০১৫-১৬ এর লক্ষ্যমাত্রা	২০১৬-১৭ এর লক্ষ্যমাত্রা	২০১৭-১৮ এর লক্ষ্যমাত্রা	Weight Factor
		৩	৪	৫	৬	৭	৮	৯
১	মোট খণ্ড বিতরণ (কর্মচারী খণ্ড বাস্তিত)	কোটি টাকায়	৫৯০১.০০	৫১২১.৭৪	৬৩০০.০০	১০০০.০০	৭৫০০.০০	৮
২	প্রেসিসিত খণ্ড বিতরণ	কোটি টাকায়	৫০৫৮.১৬	৪২৫০.০০	৪৫০০.০০	৪৮৫০.০০	৪০০০.০০	৫
৩	প্রেসিসিত খণ্ড হতে নগদ আদায়	কোটি টাকায়	১৬৭৭	১০৮৯.৮০	১২৯৫.০০	১৩৫০.০০	১৫০০.০০	৫
৪	মুক্ত উৎপাদন ও প্রাণী সম্পদ খাতে বিতরণের বিপরীতে	শতকরা হিসাবে	৫%	৫.৫০%	৬%	৭%	৮%	৫
৫	চিংড়ি ও মৎস্য খাতে খণ্ড প্রদানের হার (মোট বিতরণের বিপরীতে)	শতকরা হিসাবে	৭%	৭.৩৪%	৭%	৮%	৮%	৫
৬	কৃষি খণ্ড আদায়							
	ক) লক্ষ্যমাত্রা	কোটি টাকায়	৫০১৪.০০	৪৯৪৯.৩৬	৪০৫০.০০	৮৫০০.০০	৪১০০.০০	০০
	খ) আদায়ের হার	শতকরা হিসাবে	৮৫%	১৮%	১০০%	১০০%	১০০%	৬
১	মোট আমান্তরে বিপরীতে সম্বন্ধীয় আমান্তরের হার	শতকরা হিসাবে	৩১%	৩১%	৩৫%	৪০%	৪০%	৫
২	সুলভন সংরক্ষনের হার (বাসন -২ অনুযায়ী)	শতকরা হিসাবে	(-৩৭.৫২%)	(-৩১.৩৮%)	১০%	১০.৬৩%	১২%	৬
৩	প্রতিশেন সংরক্ষনের হার (রাস্কিত ও প্রতিশেনের বিপরীতে)	শতকরা হিসাবে	৩৫%	১০০%	১০০%	১০০%	১০০%	৩
৪	এসঅবই খণ্ড হারের হার(মোট ভূমিহীন বাণ চাষাদের খণ্ড প্রদানের হার)	শতকরা হিসাবে	০৮%	১.২৬%	৮%	১২%	১৪%	৫
১১	ভূমিহীন বাণ চাষাদের খণ্ড প্রদানের হার(মোট বিতরণের বিপরীতে)	শতকরা হিসাবে	৫%	৩.৬৪%	৬%	৮%	৯%	৫
১২	গৃহান্বন তহবিলের খণ্ড বিতরণ	কোটি টাকায়	০০	০০	০.৫	১.০০	১.৫	৩
১৩	অডিট নিষ্পত্তির হার							
	ক) নিরীক্ষা আপত্তি	শতকরা হিসাবে	৪৭%	৫০%	৫৫%	৮০%	৯০%	৩
	খ) বাংলাদেশ বাংক পরিদর্শন মামলা নিষ্পত্তির হার	শতকরা হিসাবে	১৬%	১৭%	১৫%	৮০%	৯০%	৩.৫০
১৪		শীট মামলা	১৫%	২৬%	২০%	২৫%	৩০%	৩.৫০
		অর্থ খণ্ড ও ভূম্যান্য মামলা	৪%	৯%	১৫%	২০%	২৫%	৩.৫০
১৫	অটোমেশন ক্রমপঞ্জীকৃত	শতকরা হিসাবে	১৬৮	২১৫	৪৬১	৫০৯	৫২০	৫
১৬	আঙ্গো-ব্যাংক হিসাব সম্পর্কের হার	শতকরা হিসাবে	-	১৬%	৮০%	৮০%	৮৫%	৫
১৭	কষ্ট অব ফ্যাড	শতকরা হিসাবে	১২.৯৬	১০.২১%	১০.৫০%	১০.০০%	১০.০০%	৫
		Weight Factor						১৮


স্লেকশন - ২ ষ্ট

দপ্তর/সংস্থার আবিষ্যক কৌশলগত উদ্দেশ্যসমূহ

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪	কলাম-৫	কলাম-৬			
					কলাম-৭ (২০২৫-২০২৬)			
কৌশলগত উদ্দেশ্যের শর্করা (Weight of strategic objectives)	কৌশলগত উদ্দেশ্যের শর্করা (Weight of strategic objectives)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (unit)	কর্মসম্পাদন সূচকের শাখা (Weight of PI)	অসাধারণ (Excellent) ১০০%	অতি উত্তম (Very good) ৯০%	উত্তম (Good) ৮০%	চলাতি শাখা (Fair) ৭০%
দপ্তর/সংস্থা বাস্তিক কর্মসম্পাদন সংস্থায়ন	বাস্তিক কর্মসম্পাদন হৃচ্ছি সামগ্র বাস্তিক কর্মসম্পাদন হৃচ্ছি বাস্তবায়ন বাস্তিক কর্মসম্পাদন সংস্কৃত সম্বোধ কর্মক্ষমতা ও ক্ষমতা সম্বোধন	নির্ধারিত সময় শীৱার মধ্যে হৃচ্ছি বাস্তিক কর্মসম্পাদন হৃচ্ছি বাস্তবায়ন বাস্তিক কর্মসম্পাদন সংস্কৃত সম্বোধ কর্মক্ষমতা ও ক্ষমতা সম্বোধন	তাৰিখ	১	১৫ আগস্টৰ ১২ অক্টোবৰ ১৯ অক্টোবৰ ২২ অক্টোবৰ	১২ অক্টোবৰ ২২ অক্টোবৰ ২৬ অক্টোবৰ ২৬ অক্টোবৰ	১৫ আগস্টৰ ১০% ৮০% ১০%	- -
প্রক্রিয়া ও নেতৃত্বকৰণ উন্নয়ন	জাতীয় সুষাচার কৌশল বাস্তবায়ন তথ্য আধিকার ও স্বপ্নগোচৰ অৰ্থ বাস্তবায়ন	কর্মক্ষমতা কৌশল বাস্তবায়ন আওতাধীন দপ্তর/সংস্থায় নাম সূচিপরিকলন কর্মক্ষমতা নিরোগ দপ্তর/সংস্থার বাস্তবায়ন	প্রক্রিয়া তাৰিখ তাৰিখ প্রক্রিয়া	১ ১ ১ ১	২০ আগস্ট ০৮ নভেম্বৰ ১৫ নভেম্বৰ ১৪ ডিসেম্বৰ	১২ নভেম্বৰ ১৫ নভেম্বৰ ২১ ডিসেম্বৰ ১৪ ডিসেম্বৰ	১০% ৮% ৮% ৮%	১২ নভেম্বৰ ১৫ নভেম্বৰ ২১ ডিসেম্বৰ ১৪ ডিসেম্বৰ
পরিবৰ্তিত কৌশল নির্দেশিকা বাস্তবায়ন	পরিবৰ্তিত কৌশল নির্দেশিকা বাস্তবায়ন পরিবৰ্তিত কৌশল নির্দেশিকা	পৰিবৰ্তিত কৌশল নির্দেশিকা বাস্তবায়ন পরিবৰ্তিত কৌশল নির্দেশিকা	%	১	১০০	১৫ অক্টোবৰ ২৯ অক্টোবৰ ১৫ নভেম্বৰ	১৫ অক্টোবৰ ১৫ নভেম্বৰ ১৫ নভেম্বৰ	১০% ১০% ১০%
পৰিবৰ্তিত কৌশল নির্দেশিকা বাস্তবায়ন পরিবৰ্তিত কৌশল নির্দেশিকা	পরিবৰ্তিত কৌশল নির্দেশিকা বাস্তবায়ন পরিবৰ্তিত কৌশল নির্দেশিকা	পরিবৰ্তিত কৌশল নির্দেশিকা বাস্তবায়ন পরিবৰ্তিত কৌশল নির্দেশিকা	তাৰিখ	১	০১ নভেম্বৰ ০১ নভেম্বৰ ০১ নভেম্বৰ	০১ নভেম্বৰ ০১ নভেম্বৰ ০১ নভেম্বৰ	১৫ নভেম্বৰ ১৫ নভেম্বৰ ১৫ নভেম্বৰ	২২ নভেম্বৰ ২২ নভেম্বৰ ২২ নভেম্বৰ
সামাজিক দায়িত্ব ও প্রতিক্রিয়া শাখায়ে সেবাৱৰ	সেবা প্রতিক্রিয়া উৎসৱৰ কাৰ্যক্ৰম বাস্তবায়ন	দপ্তর/সংস্থাৰ কৌশল একাউন্ট কাৰ্যক্ৰম দপ্তর/সংস্থাৰ কৌশল একাউন্ট কাৰ্যক্ৰম	তাৰিখ	১ ১	০১ নভেম্বৰ ০১ নভেম্বৰ ০১ নভেম্বৰ	০১ নভেম্বৰ ০১ নভেম্বৰ ০১ নভেম্বৰ	১৫ নভেম্বৰ ১৫ নভেম্বৰ ১৫ নভেম্বৰ	২২ নভেম্বৰ ২২ নভেম্বৰ ২২ নভেম্বৰ
আধিক বাবস্থাপনাৰ উন্নয়ন	বাস্তবায়ন পৰিকল্পনা বাস্তবায়ন	বাস্তবায়ন পৰিকল্পনা বাস্তবায়ন পৰিকল্পনা বাস্তবায়ন পৰিকল্পনা	সংখ্যা	২ ২	০১ জুন ২০২৬ ০১ জুন ২০২৬ ০১ জুন ২০২৬ ০১ জুন ২০২৬	০১ জুন ২০২৬ ০১ জুন ২০২৬ ০১ জুন ২০২৬ ০১ জুন ২০২৬	৮% ৮% ৮% ৮%	৩% ৩% ৩% ৩%
আধিক বাবস্থাপনাৰ উন্নয়ন	আডিট আপাত নিষ্পত্তি কাৰ্যক্ৰমৰ বাস্তবায়ন আডিট আপাত নিষ্পত্তি কাৰ্যক্ৰমৰ বাস্তবায়ন	বাস্তবায়ন পৰিকল্পনা বাস্তবায়ন পৰিকল্পনা	%	১ ১	৫০ ৫০	৪৫ ৪০	৩৫ ৩০	২

আমি চেয়ারম্যান, বোর্ড অব ডিরেক্টরস এবং আমি ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক এর প্রতিনিধি হিসাবে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রীর প্রতিনিধি হিসাবে চেয়ারম্যান, বোর্ড অব ডিরেক্টরস এবং ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

 সচিব ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অর্থ মন্ত্রণালয়	 চেয়ারম্যান বোর্ড অব ডিরেক্টরস বাংলাদেশ কৃষি ব্যাংক ব্যবস্থাপনা পরিচালক বাংলাদেশ কৃষি ব্যাংক
সাক্ষী	
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অর্থ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা	গান্ধী কুমার রায় উপ-ব্যবস্থাপনা পরিচালক বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অর্থ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা	গীয়ুষ চন্দ্ৰ ভাওয়াল মহাব্যবস্থাপক আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা

তারিখ.....